

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সার ব্যবস্থাপনা ও মনিটরিং অনুবিভাগ
www.moa.gov.bd

স্মারক নম্বর: ১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫-৯১

তারিখ: ১২ ভাদ্র, ১৪৩৩
২৭ আগস্ট, ২০২৬


পরিপত্র

বিষয়: রাষ্ট্রীয় জরুরি প্রয়োজনে সার ডিলার নিয়োগ

সার সরবরাহ ব্যবস্থাপনাকে আরও কার্যকরী করে কৃষকের দোরগোড়ায় যথা সময়ে নিরবচ্ছিন্নভাবে সার সরবরাহ কার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা- ২০২৬ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

“সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা- ২০২৬ অনুযায়ী ৩ সেপ্টেম্বর, ২০২৬ তারিখের মধ্যে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করে দ্রুততম সময়ের মধ্যে সার ডিলার নিয়োগ দেয়ার লক্ষ্যে জেলা সার ও বীজ মনিটরিং কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। জেলা সার ও বীজ মনিটরিং কমিটি প্রাপ্ত আবেদনসমূহ ২ (দুই) কার্যদিবসের মধ্যে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির নিকট প্রেরণ করবে। উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি প্রাপ্ত আবেদনসমূহের তথ্যাদি যাচাই-বাছাই করে প্রাথমিকভাবে প্রতি ইউনিয়নের জন্যে বিদ্যমান ডিলারের পাশাপাশি ১ (এক) জন করে নতুন ডিলার দ্রুত নিয়োগের লক্ষ্যে প্রাপ্ত আবেদনকারীদের মধ্য হতে প্রতি ১ জন ডিলারের বিপরীতে যোগ্যতার ভিত্তিতে ৩ (তিন) জন আবেদনকারীর নাম পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে জেলা সার ও বীজ মনিটরিং কমিটির নিকট প্রেরণ করবে। জেলা সার ও বীজ মনিটরিং কমিটি উপজেলা কমিটি হতে প্রাপ্ত ৩ (তিন) জন আবেদনকারীর তথ্যাদি অধিকতর যাচাই-বাছাই করে ইউনিয়ন প্রতি ৩ (তিন) জনের প্রস্তাব পরবর্তী ২ (দুই) কার্যদিবসের মধ্যে সার ডিলার সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির নিকট প্রেরণ করবে। সার ডিলার সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সুপারিশের আলোকে ইউনিয়ন প্রতি ৩ (তিন) জন আবেদনকারীর মধ্য হতে যোগ্যতম ১ জনকে বিদ্যমান ডিলারের পাশাপাশি নতুন ডিলার হিসেবে মনোনীত করে পরবর্তী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে চূড়ান্তভাবে ডিলার নিয়োগ অনুমোদন করবে। সার ডিলার সংক্রান্ত কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটির অনুমোদন প্রাপ্তির পর জেলা সার ও বীজ মনিটরিং কমিটি স্বল্পতম সময়ে নীতিমালা অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।”

২.০ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এই পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।


(ড. মুহাম্মদ জাহাঙ্গীর আলম)
যুগ্মসচিব
ফোন: ৫৫১০০১১৪
E-mail: jsfmm@moa.gov.bd

স্মারক নম্বর: ১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫-৯১

তারিখ: ১২ ভাদ্র, ১৪৩৩
২৭ আগস্ট, ২০২৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- (১) সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা;
- (২) মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা;
- (৩) চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি), কৃষি ভবন, দিলকুশা বা/এ, ঢাকা;
- (৪) চেয়ারম্যান, বিসিআইসি, দিলকুশা বা/এ, ঢাকা;


- (৫) বিভাগীয় কমিশনার ----- (সকল);
- (৬) মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয় (সংযুক্ত নীতিমালার ৯ (ছ), ১০ (ট), ১১ (ড) নং অনুচ্ছেদের অনুসারে কমিটি তিনটির বীজ সংক্রান্ত কার্যপরিধি জারী করার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
- (৭) জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি ----- (সকল);
- (৮) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ----- অঞ্চল (সকল);
- (৯) প্রশাসক, বাংলাদেশ ফার্টাইজার এসোসিয়েশন (বিএফএ), আল-রাজি কমপ্লেক্স (৬ষ্ঠ তলা), ১৬৬-১৬৭, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, পুরানা পল্টন, ঢাকা।
- (১০) উপ-পরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা- বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধ করা হলো;
- (১১) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ ও সদস্য-সচিব, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি ----- (সকল);
- (১২) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- (১৩) উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি ----- (সকল);
- (১৪) উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি ----- (সকল);
- এবং
- (১৫) সভাপতি/সম্পাদক, বাংলাদেশ ফার্টাইজার এসোসিয়েশন (বিএফএ) ----- জেলা (সকল)।

স্মারক নম্বর: ১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫-৯১

তারিখ: ১২ ভাদ্র, ১৪৩৩
২৭ আগস্ট, ২০২৬

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- (১) মাননীয় মন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং সমাজকল্যাণ মন্ত্রণালয় ও আহ্বায়ক, সার বিষয়ে কৃষি মন্ত্রণালয়কে সহায়তা করার জন্যে মন্ত্রিসভা কমিটি;
- (২) মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও মন্ত্রণালয় এবং সদস্য, সার বিষয়ে কৃষি মন্ত্রণালয়কে সহায়তা করার জন্যে মন্ত্রিসভা কমিটি;
- (৩) মাননীয় প্রতিমন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং সদস্য, সার বিষয়ে কৃষি মন্ত্রণালয়কে সহায়তা করার জন্যে মন্ত্রিসভা কমিটি;
- (৪) সিনিয়র সচিব/সচিব, ----- বিভাগ/মন্ত্রণালয় (সকল);
- (৫) ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার, ঢাকা;
- (৬) মহাপরিচালক, বাংলাদেশ বর্ডার গার্ড, পিলখানা, ঢাকা;
- (৭) মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড, কোস্ট গার্ড সদর দপ্তর, ঢাকা;
- (৮) মহাপরিচালক, প্রাণি সম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা;
- (৯) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা;
- (১০) চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, কারওয়ান বাজার, ঢাকা;
- (১১) নিবন্ধক, সমবায় অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা;
- (১২) পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা;
- (১৩) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- (১৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিল্প মন্ত্রণালয়, শিল্প ভবন, মতিঝিল, ঢাকা;
- (১৫) মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- (১৬) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- (১৭) মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা;
- (১৮) সচিবের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; এবং
- (১৯) -----


(ড. মুহাম্মদ জাহাঙ্গীর আলম)
যুগ্মসচিব

ফোন: ৫৫১০০১১৪

E-mail: jsfmm@moa.gov.bd